



Nazrul Centre for Social and Cultural Studies
KAZI NAZRUL UNIVERSITY

Nazrul Road, Kalla Bypass More, P.O. – Kalla (C.H.),
Asansol, Dist: Paschim Bardhaman, Pin – 713340.



Ref. No.: NCSES/KNU/30/2021

Date: 01.07.2021

নজরুল সেন্টার ফর সোস্যাল অ্যান্ড কালচারাল স্টাডিজ, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়, আসানসোল, পশ্চিমবঙ্গ, ভারত এবং ইন্সটিটিউট অফ নজরুল স্টাডিজ, জাতীয় কবি কাজী নজরুল বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ, মৌখিকভাবে মূল্যায়ন কৃত (Peer Reviewed) আন্তর্জাতিক গবেষণাপত্র *নজরুল-জার্নাল-০২* প্রকাশিত হবে। উক্ত সংখ্যায় নজরুল-বিষয়ক গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হবে। আগ্রহী লেখক ও গবেষকদের নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করে আগামী ৩১.০৭.২০২১ তারিখের মধ্যে লেখা পাঠানোর জন্য অনুরোধ করা হচ্ছে।

ধন্যবাদসহ,

৩১.০৭.২০২১

ড. স্বাতী গুহ

নির্বাহী সম্পাদক, নজরুল-জার্নাল

এবং

পরিচালক

নজরুল সেন্টার ফর সোস্যাল অ্যান্ড কালচারাল স্টাডিজ,

কাজী নজরুল বিশ্ববিদ্যালয়, আসানসোল

অনুসরণযোগ্য নিয়মাবলী

১. প্রবন্ধের ভাষা বাংলা বা ইংরেজি হবে। প্রবন্ধ ৩৫০০ থেকে ৭০০০ শব্দের মধ্যে হতে হবে। প্রবন্ধের শুরুতে গবেষণার লক্ষ্য, জিজ্ঞাসা ও প্রাপ্তি সম্পর্কিত অনধিক ১৫০ শব্দের সার-সংক্ষেপ (abstract) যুক্ত করতে হবে।

২. বাংলা আকাদেমী, পশ্চিমবঙ্গ, ভারত / বাংলা একাডেমি, ঢাকা, বাংলাদেশ কর্তৃক নির্ধারিত বনানরীতি অনুসরণ করতে হবে। তবে উদ্ধৃতির ক্ষেত্রে মূল বানানের কোনো পরিবর্তন করা যাবে না।

৩. উদ্ধৃতি ২৫ শব্দের বেশি হলে আলাদা অনুচ্ছেদে তা উপস্থাপন করতে হবে। কবিতার উদ্ধৃতিতে মূলের পঙতি বিন্যাস রক্ষা করতে হবে।

৪. কবিতা-ছোটগল্প-উপন্যাস-নাটক ইত্যাদি সৃষ্টিশীল রচনার উদ্ধৃতির ক্ষেত্রে পাশে তথ্যসূত্র উল্লেখ করতে হবে। তথ্যসূত্র উল্লেখের পদ্ধতি : (কাজী নজরুল ইসলাম, 'অগ্নি-বীণা', ২০১৪ : ২৩)

৫. সাধারণ উদ্ধৃতি ও প্যারাগ্রাফিং-এর ক্ষেত্রে একইভাবে উদ্ধৃতি বা গৃহীত বক্তব্যের পাশে তথ্যসূত্র নির্দেশ করার পদ্ধতি : (মহবুবুল হক ২০১০ : ৪৭)

৬. প্রবন্ধের শেষে রচনাপঞ্জি সংযোজিত হবে। বাংলা তালিকার পর ইংরাজি তালিকা উপস্থাপন করতে হবে। লেখকের নামের বর্ণানুক্রমে রচনাপঞ্জি লিখতে হবে। প্রবন্ধ-নিবন্ধ-রচনার নাম উদ্ধৃতি চিহ্ন (‘ ’) দ্বারা আবদ্ধ করতে হবে। বই, পত্রপত্রিকা, সাময়িকীর নাম বাঁকা অক্ষরে (*Italic*) লিখতে হবে। পত্রপত্রিকা কিংবা সাময়িকীর বর্ষ, সংখ্যা, মাস, তারিখ, সম্পাদকের নাম উল্লেখ করতে হবে। যেমন -

- কাজী নজরুল ইসলাম (জন্মশতবর্ষসংস্করণ ২০০৬), নজরুল রচনাবলী, প্রথমখন্ড, বাংলা একাডেমি, ঢাকা
- মো. সাহাবউদ্দিন (২০১৬), ‘মৃত্যুক্ষুধা : প্রত্যক্ষ বাস্তবতার উপন্যাস’, রুদ্র-মঙ্গল, (সম্পাদক : মো. মাহবুব হোসেন), ১ম সংখ্যা ২০১৬, বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ
- রফিকুল ইসলাম (২০০২), কাজী নজরুল ইসলাম : জীবন ও সৃজন, কবি নজরুল ইনস্টিটিউট, ঢাকা
- সিরাজুল ইসলাম চৌধুরী (২০১১), ‘উন্মুক্ত পথের যাত্রী’, কালের খেলা সমকালের শুক্রবার সাময়িকী, (সম্পাদক : গোলাম সারোয়ার), ২০মে ঢাকা

৭. কম্পিউটারে কম্পোজ করা দু-কপি পাণ্ডুলিপি এবং একই সঙ্গে প্রবন্ধ (সফটকপি) ই-মেইলে পাঠাতে হবে। A4 সাইজ কাগজে Sutony MJ ফন্টের 14 পয়েন্ট-এ প্রবন্ধের অক্ষর বিন্যাস হবে। প্রবন্ধের line Space এবং Para Space হবে যথাক্রমে 1.5 ও Auto। ইংরেজি ফন্টের ক্ষেত্রে Times New Roman রোমান ব্যবহৃত হবে। ফন্ট 12 point, line Space এবং Para Space হবে যথাক্রমে 1.5 ও Auto। লেখা E-mail -এ পাঠানোর ঠিকানা : director.ncscs@knu.ac.in লেখা হার্ডকপিতে পাঠানোর ঠিকানা : ডিরেক্টর, নজরুল সেন্টার ফর সোস্যাল অ্যান্ড কালচারাল স্টাডিজ, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়, আসানসোল, পশ্চিম বর্ধমান, পিন কোড - ৭১৩৩৪০. Director, Nazrul Centre for Social and Cultural Studies; Kazi Nazrul University, Asansol, Pashchim Bardhaman, Pin Code - 713340

৮. গবেষককে তাঁর নাম, পদবি ও প্রতিষ্ঠানের নাম প্রবন্ধে না লিখে আলাদা কাগজে সংযুক্ত করতে হবে।

৯. আন্তর্জাতিক গবেষণাপত্র নজরুল-জার্নাল -এর জন্য উচ্চতর শিক্ষা পর্যায়ের শিক্ষক, নজরুল-গবেষক, গবেষণা কর্মকর্তা, এম.ফিল. এন্ড পি.এইচ.ডি. পর্যায়ের গবেষকদের লেখা গ্রহণযোগ্য হবে।

১০. রিভিউয়ার কর্তৃক সংশোধন / সংযোজন / বিয়োজনের পরামর্শ এলে সম্পাদনা পর্যদের প্রদত্ত সময়ের মধ্যে তা সংশোধন / সংযোজন / বিয়োজন করে পাঠাতে হবে।

১১. প্রবন্ধ প্রকাশিত হলে লেখক তাঁর কপি পাবেন। প্রকাশের জন্য মনোনীত বা অমনোনীত কোন পাণ্ডুলিপি ফেরত দেওয়া হবে না।

১২. নজরুল-জার্নালে প্রকাশিত প্রবন্ধের বক্তব্যবিষয়ক সব দায়িত্ব লেখকের।

Director
Nazrul Centre for Social and Cultural Studies
KAZI NAZRUL UNIVERSITY
Asansol - 713340 (WB.)